# Times Today BD

জেলা প্রতিনিধি | বাংলাদেশ | 20 April, 2025

রাজধানীর খিলগাঁওয়ে নিজ বাসার ছাদ থেকে পড়ে মো. আসিফ আনোয়ার (৩৩) নামে এক যুক্তরাষ্ট্রপ্রবাসী মারা গেছেন।

শনিবার (১৯ এপ্রিল) সন্ধ্যায় খিলগাঁও সি-ব্লক ৫১৬ নম্বর বাসায় এ ঘটনা ঘটে।

নিহত ওই যুবকের বাবার নাম আনোয়ারুল ইসলাম।তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) থেকে ইঞ্জিনিয়ারিং পাস করে যুক্তরাষ্ট্রে যান।

নিহতের স্বজনরা জানান, মানসিক সমস্যার চিকিৎসার জন্য মো. আসিফ কিছুদিন আগে দেশে আসেন।পুনরায় যুক্তরাষ্ট্রে ফিরে যাওয়ার প্রস্তুতি চলছিল।শনিবার সন্ধ্যায় বাসার ছাদ থেকে পড়ে গুরুতর আহত হন তিনি।আহত অবস্থায় তাকে মুগদা হাসপাতালে নেয়া হলে সেখানেই তার মৃত্যু হয়।পরে রাত সাড়ে ১২টার দিকে পুলিশ মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠায়।

খিলগাঁও থানার উপ-পরিদর্শক (এসআই) হাফিজুর রহমান জানান, আত্মীয়স্বজনের সঙ্গে কথা বলে প্রাথমিকভাবে জানা গেছে ছাদ থেকে ওই যুবক মারা গেছেন।তবে মৃত্যুর প্রকৃত কারণ জানতে তদন্ত চলছে।

এসআই আরও জানান, মুগদা হাসপাতালের জরুরি বিভাগের ট্রলি থেকে মরদেহ উদ্ধার করে আইনি প্রক্রিয়া শেষে ময়নাতদন্তে জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে জরুরি বিভাগের মর্গে পাঠানো হয়েছে।

রাজধানী খিলগাঁও হাসপাতাল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 18:17

URL: https://www.timestodaybd.com/public/bangladesh/3028901112